# শিক্ষার্থী-নির্দেশিকা

Learners' Guide

## বিবিএস প্রোগ্রাম

**BBS Programme**

পাণ্ডুলিপি সংগ্রহ ও রচনায়
ড. মোহাম্মদ জাফর আহাম্মদ

সম্পাদনায়
কাজী শারমিন পামেলা

ওপেন স্কুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

# বিবিএস প্রোগ্রাম
## BBS Programme

# শিক্ষার্থী-নির্দেশিকা
## Learners' Guide


**প্রকাশ**
প্রথম প্রকাশ : ২০০৭
পুন: মুদ্রণ : ২০১৬

**প্রচ্ছদ**
কাজী সাইফুদ্দীন আব্বাস

**কম্পিউটার কম্পোজ**
মোঃ সিদ্দিকুল ইসলাম

**প্রচছদ গ্রাফিক্স**
আবদুল মালেক



**© ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**



**টেলিফোন: ৯২৯১১০৯**
**ফ্যাক্স: ৯২৯১১০১-৪, পি.এ. বি.এক্স-৩১২**



**মুদ্রণ : চৌধুরী প্রিন্টার্স এন্ড সাপ-   াই**
৪৮/এ-১, বাড্ডা নগর লেন, ঢাকা


**প্রকাশনায়**
প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫ ।

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাংলাদেশের জাতীয় সংসদ কর্তৃক প্রণীত আইন অনুযায়ী ১৯৯২ সালের ২১ অক্টোবর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর জন্ম। বহুমুখি শিক্ষা প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জ্ঞান-বিজ্ঞানের সৃজন, চর্চা ও বিকাশই এই বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য। জীবনভর শিক্ষার দ্বার উন্মুক্ত করা এবং শিক্ষাকে অধিকতর গণমুখি ও জীবন-ঘনিষ্ঠ করে দেশের প্রত্যন্ড় অঞ্চলে পৌঁছে দেওয়ার মাধ্যমে একটি সুশিক্ষিত ও আত্মনির্ভরশীল জাতি হিসেবে গড়ে তুলতে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিশেষভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

ঢাকা শহরের উত্তরে গাজীপুর জেলার বোর্ডবাজার এলাকায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস অবস্থিত। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য সারা দেশে রয়েছে ১২টি আঞ্চলিক কেন্দ্র, ৮০টি কো অর্ডিনেটিং অফিস এবং ১৫৫০ টি স্টাডি সেন্টারের বিশাল নেটওয়ার্ক। এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য রয়েছে ছয়টি একাডেমিক অনুষদ (যা 'স্কুল' নামে পরিচিত) এবং এগারটি প্রশাসনিক বিভাগ। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন-১৯৯২ অনুসারে বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকান্ড বোর্ড অব গভর্নরস্, একাডেমিক কাউন্সিল, স্কুল কমিটি, পাঠ্যক্রম কমিটি, অর্থ কমিটি, ওয়ার্কস কমিটি প্রভৃতি কর্তৃপক্ষের সিদ্ধান্ড় ও নীতিমালা অনুযায়ী পরিচালিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **মহামান্য রাষ্ট্রপতি** এই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর। ভাইস-চ্যান্সেলর হিসেবে ২০২১ সনের ৩০ শে জুন থেকে বাউবি'র প্রশাসনিক এবং একাডেমিক কার্যক্রমে নেতৃত্ব দিচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের অধ্যাপক **ড. সৈয়দ হুমায়ুন আখতার**।

**এক নজরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গঠন কাঠামো**



## উন্মুক্ত শিক্ষা

বিভিন্ন মাধ্যম ব্যবহার করে শিক্ষাকে শিক্ষার্থীর নিকট পৌঁছে দেওয়া হয় এ শিক্ষাদান ব্যবস্থায়। এ ধরনের শিক্ষাদান পদ্ধতিকে দূরশিক্ষণ বলা হয়। উন্মুক্ত শিক্ষা পদ্ধতিতে শিক্ষার্থীর সহজে বোঝার উপযোগী মুদ্রণ উপকরণ সরবরাহ করা হয়, যা একই সাথে পাঠ্য-পুস্তক ও শিক্ষকের কাজ করে। এর সাথে সহায়ক হিসেবে সম্প্রচার করা হয় বেতার ও টিভি অনুষ্ঠান এবং বাউবি'র নিজস্ব ওয়েবটিভি ও ওয়েব রেডিওতে। বিষয়ভিত্তিক বিভিন্ন ভিডিও/অডিও লেকচার Bou Tube.com ও You Tube.com এ নিয়মিত আপলোড করা হয়। বিভিন্ন একাডেমিক তথ্য Education Apps এর মাধ্যমে পরিবেশিত হচ্ছে। এপ্সগুলো বাউবি'র ওয়েবসাইট (www.bou.edu.bd) থেকে মোবাইলে ডাউনলোড করা যায়। এ ছাড়াও রয়েছে স্টাডি সেন্টারের মাধ্যমে টিউটোরিয়াল সার্ভিস ও অন্যান্য সহায়ক সার্ভিসের ব্যবস্থা। ভর্তির পর একজন শিক্ষার্থী মোট ২০টি টিউটোরিয়াল ক্লাসের সুযোগ নিতে পারেন। টিউটোরিয়াল ক্লাসে শিক্ষার্থীদের পাঠ ও শিখন সম্পর্কে কোনো সমস্যা বা প্রশ্ন থাকলে তার সমাধান দেওয়া হয়।

উন্মুক্ত শিক্ষা পদ্ধতি নতুন না হলেও এ পদ্ধতিতে আনুষ্ঠানিক শিক্ষালাভের সুযোগ এদেশে নতুন। এ পদ্ধতিতে শিক্ষালাভ করে সার্টিফিকেট বা ডিগ্রি অর্জন করে নিজেকে সাবলম্বী করা যায়। পাশাপাশি উচ্চ শিক্ষা গ্রহণের দ্বার খুলে যায়।

### উন্মুক্ত শিক্ষা পদ্ধতির বৈশিষ্ট্য

- যে কোন বয়সের শিক্ষার্থীর জন্য শিক্ষার সুযোগ উন্মুক্ত করা;
- প্রচলিত প্রাতিষ্ঠানিক শিক্ষার নিয়ম-কানুনের বাইরে থেকেও স্বাধীনভাবে জ্ঞান অর্জনের সুযোগ;
- শিক্ষার্থীর সুবিধামত সময়ে ও স্থানে পড়ার সুযোগ;
- শিক্ষার্থীর পছন্দমত বিষয় নির্বাচনে স্বাধীনতা;
- স্বশিখন পদ্ধতির পাঠসামগ্রী শিক্ষার্থীর কাছে পৌঁছে দেওয়ার ব্যবস্থা;
- শিক্ষার্থীর অর্জিত জ্ঞানের স্ব-মূল্যায়নের সহায়তা;
- আধুনিক শিক্ষা প্রযুক্তির সাহায্যে শিক্ষা পদ্ধতির ব্যবহার এবং প্রয়োজন অনুসারে সহায়ক সার্ভিস; এবং
- নিয়মিত পেশাগত দায়িত্ব পালন করে অবসর সময়ে শিক্ষালাভের সুযোগ।

### ওপেন স্কুল

শিক্ষক ও শিক্ষার্থী, টিউটর ও স্টাডি সেন্টারের সংখ্যা ইত্যাদি বিবেচনায় ওপেন স্কুল বাউবি'র অন্যতম বৃহৎ স্কুল বা ফ্যাকাল্টি। ওপেন স্কুলের মাধ্যমেই বাউবি বাংলাদেশের শহর থেকে গ্রাম-গ্রামান্তরে শিক্ষার প্রসার ঘটাচ্ছে। ওপেন স্কুলের বিভিন্ন প্রোগ্রামের মধ্য দিয়েই যে কোনো স্তরের যে কোনো বয়সের শিক্ষার্থী শিক্ষা লাভের সুযোগ পান। বর্তমানে এই স্কুলটি এসএসসি, এইচএসসি, এইচএসসি (নিশ-১: সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীর জন্য) এবং ব্যাচেলর অব বিজনেস স্টাডিজ (বিবিএস) প্রোগ্রামগুলো

পরিচালনা করছে। অতিশীঘ্রই এমবিএস, এমডিএস, এমডিএম প্রোগ্রামসহ আরও প্রোগ্রাম প্রবর্তন করার পরিকল্পনা এই স্কুলের রয়েছে।

## এক নজরে বিবিএস প্রোগ্রাম

বাউবি'র সর্ববৃহৎ অনুষদ ওপেন স্কুল ১৯৯৫ সাল থেকে এসএসসি, ১৯৯৮ সাল থেকে এইচএসসি (মানবিক), ২০১৪ সাল থেকে এইচএসসি (নিশ-১) প্রোগ্রাম পরিচালনা করছে। ২০০৩ সালে এইচএসসি প্রোগ্রামে মানবিক শাখার পাশাপাশি বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা খোলা হয়েছে। এইচএসসি (মানবিক) প্রোগ্রামে উত্তীর্ণ শিক্ষার্থীদের পরবর্তী উচ্চ শিক্ষার ধাপ হিসেবে ওপেন স্কুলের বাহিরে বিএ/বিএসএস প্রোগ্রাম চালু আছে। অপরদিকে ২০০৭ সাল থেকে এইচএসসি ব্যবসায় শিক্ষা শাখার পরবর্তী উচ্চ শিক্ষার ধাপ হিসেবে দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক দ্বারা পরিচালিত বিবিএস প্রোগ্রাম চালু করার বিষয়ে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সময়োপযোগী সিদ্ধান্ড় গ্রহণ করা হয়। দেশে ব্যবসায় বাণিজ্যের সম্প্রসারণে একদিকে যেমন ব্যবসায় শিক্ষায় শিক্ষিত জনবলের বেশ প্রয়োজন রয়েছে, অন্যদিকে দক্ষ জনসম্পদ সৃষ্টির মাধ্যমে স্বকর্মসংস্থান বৃদ্ধি এবং বেকার সমস্যা লাঘবের নিমিত্তে বিবিএস প্রোগ্রামটি গুর ত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ প্রেক্ষিতে বাউবি'র উদ্দেশ্য অর্জনের অংশ হিসেবে সর্বস্ড়রে শিক্ষার সম্প্রসারণ, দক্ষ মানব সম্পদ সৃষ্টি ও অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে সহায়তার লক্ষ্যে ওপেন স্কুলে ২০০৭ সালের জানুয়ারি থেকে বিবিএস প্রোগ্রাম চালু করা হয়।

বিবিএস প্রোগ্রামে মোট ৯০ ক্রেডিটের ১৮টি কোর্স [১০০ নম্বরের মৌখিকসহ] (প্রতিটি কোর্স ৫ ক্রেডিট) ০৩ বছরে বাৎসরিক পরীক্ষার ভিত্তিতে অধ্যায়ন করতে হয়। এই প্রোগ্রামে একজন শিক্ষার্থীর নিবন্ধনের মেয়াদ ০৬ বছর পর্যন্ড় কার্যকর থাকবে। প্রতিটি কোর্সের পরীক্ষার জন্য ৮০ নম্বর লিখিত পরীক্ষা এবং (১০+১০)=২০ নম্বরের ২টি টিএমএ (টিচার্স মার্কড এ্যাসাইনমেন্ট) জমা দিতে হবে। এ প্রোগ্রামের প্রতিটি কোর্স দেশের সমসাময়িক আর্থ-সামাজিক ও যুগের চাহিদার ভিত্তিতে নির্বাচন করা হয়েছে, এর ফলে শিক্ষার্থী ব্যবসায় সম্পর্কে জ্ঞান অর্জনের পাশাপাশি নিজেকে আত্মনির্ভরশীল করতে সহায়ক ভূমিকা পালন করবে।

### ক) লক্ষ্য ও উদ্দেশ্য :

- শিক্ষার্থীর মননশীলতা, সৌন্দর্যবোধ এবং মানবিক সহমর্মীতার বিকাশ এবং ব্যবসায়, প্রযুক্তি ও আর্থ-সামাজিক দক্ষতার উন্নয়ন সাধনে সহায়তা দান করে সমাজে সুনাগরিক হিসেবে গড়ে তোলা;
- শিক্ষার্থীকে ব্যবসায় শিক্ষায় শিক্ষিত করে আত্মকর্মসংস্থান এবং উপার্জনে সক্ষম ব্যক্তিরূপে গড়ে উঠতে সহায়তা করা;
- উচ্চতর শিক্ষার পথ সুগম ও প্রশস্ড় করা।

### খ) উদ্দিষ্ট জনগোষ্ঠী :

- এইচএসসি সার্টিফিকেট প্রাপ্ত শিক্ষার্থী;
- প্রচলিত শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক স্ড়রে পাঠলাভের সুযোগ বঞ্চিত শিক্ষার্থী;
- উচ্চ মাধ্যমিক স্ড়রের পর লেখাপড়া করেননি এমন শিক্ষার্থী;
- কর্মরত ব্যক্তি যাঁরা শিক্ষাগত মান বৃদ্ধি করতে চান;
- নিয়মিত শিক্ষার্থী যারা দূরত্ব বা অন্য কোন কারণে প্রচলিত শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানে অপারগ;
- অন্যান্য আগ্রহী ব্যক্তিবর্গ যাঁরা ইতোপূর্বে স্নাতক ডিগ্রী অর্জন করেননি।

## আবেদন, ভর্তি/কোর্স ফি ও পরীক্ষা পদ্ধতি

### ১. কী যোগ্যতা থাকলে ভর্তি হতে পারবেন?

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বা প্রচলিত শিক্ষা বোর্ড থেকে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাশ করেছেন এমন শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন করতে পারবেন। এছাড়াও যারা তিন বছরের ডিপে- ামা কোর্স পাশ করেছেন তারাও আবেদন করতে পারবেন। এ ক্ষেত্রে বয়স বা শিক্ষা বিরতি সংক্রান্ড় কোন বিধি-নিষেধ থাকবে না।

### ২. প্রোগ্রামের মেয়াদ কত বৎসর হবে?

বিবিএস প্রোগ্রামের মেয়াদ স্বাভাবিকভাবে তিন বৎসর। তবে একজন শিক্ষার্থী প্রোগ্রামে নিবন্ধনের পর সর্বোচ্চ ছয় বছরের মধ্যে এই প্রোগ্রাম সমাপ্ত করার সুযোগ পাবেন। ছয় বছরে অনুষ্ঠিত ছয়টি চূড়ান্ড় পরীক্ষায় অংশগ্রহণের পর স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধন বাতিল হয়ে যাবে।

### ৩. কিভাবে ভর্তির জন্য আবেদন করবেন?

ক. বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত **আঞ্চলিক কেন্দ্র অথবা উপ-আঞ্চলিক কেন্দ্র** হতে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

খ. আবেদনপত্র ক্রয় করার জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি (১৫০ টাকা) প্রদান করতে হবে। বাউবি কর্তৃক নির্ধারিত ব্যাংকের শাখা সমূহে এই ফি জমা দিতে হবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে শিক্ষার্থী যে **আঞ্চলিক কেন্দ্র (RC) অথবা উপ-আঞ্চলিক কেন্দ্র (SRC)** হতে আবেদনপত্র সংগ্রহ করবেন সেই কেন্দ্র বা অফিসেই নির্ধারিত সময়ের মধ্যে পূরণকৃত আবেদনপত্র, টাকা জমাদানের রশিদসহ জমা দিতে হবে।

এছাড়াও ভর্তিচ্ছু শিক্ষার্থীগণ বাউবি'র ওয়েবসাইট http://www.bou.edu.bd থেকে ভর্তি ফরম ডাউনলোড করে কিংবা ফটোকপি ব্যবহার করেও আবেদন করতে পারবেন। এক্ষেত্রে আবেদন ফরম জমা দেওয়ার সময় ফি জমাদানের ব্যাংক রশিদ সংযুক্ত করতে হবে।

গ. ভর্তির আবেদনপত্র প্রদান, গ্রহণ, ভর্তির তারিখ এবং ভর্তি সংক্রান্ড় অন্যান্য তথ্যাবলী টিভি, রেডিও, জাতীয় দৈনিক পত্র-পত্রিকার মাধ্যমে প্রচার করা হবে। এছাড়াও **আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র /বিবিএস প্রোগ্রামের টিউটোরিয়াল কেন্দ্র** হতে বিস্ড়ারিত তথ্যাবলী জানা যাবে।

### ৪. আবেদনপত্রের সঙ্গে কী কী জমা দিতে হবে?

ক. **এক কপি পাসপোর্ট** আকারের ছবি, যা আবেদনপত্রের উপরে ডান পাশে আঠা দিয়ে লাগাতে হবে এবং ফরমের কিছু অংশসহ ছবির উপরে টিসি সমন্বয়কারী/গেজেটেড কর্মকর্তা/ বাউবি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। ভর্তির সময়ে আরও তিন কপি ছবি জমা দিতে হবে, যা টিসি সমন্বয়কারী/গেজেটেড কর্মকর্তা/বাউবি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

খ. বয়স উলে- খসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং নম্বরপত্রের [(এসএসসি, এইচএসসি) বা সমমানের] সত্যায়িত কপি। সনদপত্র না থাকলে প্রমাণপত্র হিসেবে সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

গ. চারিত্রিক সনদপত্র (গেজেটেড কর্মকর্তা/কলেজের অধ্যক্ষ/ইউনিয়ন কাউন্সিল/পৌর সভার কমিশনার/সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত)।

ঘ. জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

## ৫. কিভাবে ভর্তি হবেন?

ক) শিক্ষার্থী স্টাডি সেন্টার হতে বিনামূল্যে কিংবা বাউবি'র ওয়েবসাইট থেকে শিক্ষার্থী নির্দেশিকা সংগ্রহ করবেন।

খ) আবেদনপত্র এবং সংযুক্ত কাগজপত্র যাচাই-বাছাই পূর্বক আঞ্চলিক কেন্দ্র / উপ-আঞ্চলিক কেন্দ্রের বিবিএস প্রোগ্রামের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার শিক্ষার্থী মনোনীত করবেন। মনোনয়নের পর আঞ্চলিক কেন্দ্র / উপ-আঞ্চলিক কেন্দ্রের বিবিএস প্রোগ্রামের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরামর্শ মোতাবেক নির্দিষ্ট কোর্স ফি নির্ধারিত ব্যাংকে জমাদান পূর্বক ভর্তির আনুষঙ্গিক কার্যক্রম সম্পন্ন করতে হবে।

গ) শিক্ষার্থীকে নিম্নলিখিত কাজগুলো সম্পন্ন করতে হবে:

i. রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ করে তা যথাযথ পূরণ শেষে সংশি  ষ্ট স্টাডি সেন্টারে জমা দিতে হবে।

ii. শিক্ষার্থী নম্বরসহ আইডি কার্ড সংগ্রহ করতে হবে।

iii. ভর্তি সম্পন্ন করে বিনামূল্যে বই সংগ্রহ করতে হবে কিংবা ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে।

## ৬. বিবিএস প্রোগ্রামের কোর্স ফি বিভাজন

**১ম বর্ষ**

| | |
|---|---|
| ক. কোর্স ফি (৫টি কোর্স) (৭৫০×৫) | ৩,৭৫০/- |
| খ. রেজিস্ট্রেশন ফি | ২০০/- |
| গ. ভর্তির ফরম ও নির্দেশিকা | ১৫০/- |
| ঘ. একাডেমিক ক্যালেন্ডার | ৫০/- |
| | মোট = ৪,১৫০/- |

**২য় বর্ষ**

| | |
|---|---|
| ক. কোর্স ফি (৬টি কোর্স) (৭৫০×৬) | ৪,৫০০/- |
| খ. রেজিস্ট্রেশন ফি | ২০০/- |
| | মোট = ৪,৭০০/- |

**৩য় বর্ষ**

| | |
|---|---|
| ক. কোর্স ফি (৭টি কোর্স, মৌখিকসহ) (৭৫০×৭) | ৫,২ ৫০/- |
| খ. রেজিস্ট্রেশন ফি | ২০০/- |
| গ. নম্বরপত্র | ৪০০/- |
| ঘ. প্রশংসাপত্র | ১০০/- |
| ঙ. সাময়িক সনদ | ৩০০/- |
| | মোট =৬,২৫০/- |

**সতর্কতা ঃ শিক্ষার্থীদের এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ছাত্র নির্দেশিকায় উল্লিখিত অর্থের অতিরিক্ত কোন অর্থ বিশ্ববিদ্যালয় গ্রহণ করে না। নির্দিষ্ট ব্যাংক ব্যতীত কারও নিকট নগদ অর্থ আদান-প্রদানের নিয়ম নেই। শিক্ষার্থী যে কেন্দ্রে ভর্তি হবেন সেই কেন্দ্রের দায়িত্বশীল কর্মকর্তা, আঞ্চলিক কেন্দ্র / উপ-আঞ্চলিক কেন্দ্র থেকে নির্ধারিত ব্যাংকের নাম জেনে নিতে হবে। নির্ধারিত ব্যাংকের নির্ধারিত শাখা ব্যতীত অন্য কোথাও অর্থ লেন-দেন করলে তার জন্য বাউবি'র কোন দায়-দায়িত্ব থাকবে না এবং ভর্তিচ্ছু শিক্ষার্থী ছাত্রত্ব দাবী করতে পারবেন না।**

## ৭. কোর্স ফি-এর বিনিময়ে কি কি সুবিধা পাবেন?

ক. পাঠ-সামগ্রী (মডিউল বা পাঠ্যবই);

খ. টিউটোরিয়াল সার্ভিস (প্রতি বর্ষে প্রতি কোর্সে ২০টি ক্লাস);

গ. বছরের শেষে অনুষ্ঠিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ;

ঘ. পরীক্ষার ফলাফল জানার সুবিধা;

ঙ. শিক্ষার্থী নির্দেশিকা (বাউবি ওয়েবসাইটে আপলোডকৃত)

## ৮. পাঠসামগ্রী কিভাবে গ্রহণ করবেন?

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিবিএস প্রোগ্রামের টিউটোরিয়াল কেন্দ্র থেকে শিক্ষার্থীদের পাঠসামগ্রী সরবরাহ করা হবে। শিক্ষার্থী কার্ড এবং টাকা জমাদানের রসিদ দেখিয়ে পাঠসামগ্রী গ্রহণ করতে হবে। পাঠসামগ্রী গ্রহণের সময় কোন টাকা প্রদান করতে হবে না। কেউ যদি এজন্য কোন ধরনের খরচ বাবদ টাকা দাবী করে তাহলে সঙ্গে সঙ্গে কর্তৃপক্ষকে (ডীন, ওপেন স্কুল, ফোন ০২-৯২৯১১০৯) অবহিত করতে হবে।

## ৯. বিবিএস প্রোগ্রামে কী কী কোর্স পড়তে হবে ?

ওপেন স্কুলের বিবিএস প্রোগ্রামের জন্য একজন শিক্ষার্থীকে মোট ১৮ (আঠারটি) ক্রেডিট কোর্স সম্পাদন করতে হবে। যা নিম্নে দেওয়া হলো :

তত্ত্বীয় বিষয় : ১৭টি

(প্রথম বর্ষে ৫টি, ২য় বর্ষে ৬টি এবং ৩য় বর্ষে ৬টি)

মৌখিক (তৃতীয় বর্ষ চূড়ান্ত পরীক্ষা শেষে অনুষ্ঠিত হবে) : ১টি (১০০ নম্বর)

মোট = ১৮টি

## * এক নজরে বিবিএস প্রোগ্রাম -এর কোর্সের তালিকা

| বর্ষ | কোর্স কোড | কোর্সের নাম |
|---|---|---|
| ১ম | BBS 1501 | Introduction to Business |
| | BBS 1502 | Principles of Management |
| | BBS 1503 | Principles of Accounting |
| | BBS 1504 | Bangladesh Studies |
| | BBS 1505 | Business English |
| ২য় | BBS 2501 | Micro-economics |
| | BBS 2502 | Business Communication |
| | BBS 2503 | Insurance and Banking |
| | BBS 2504 | Fundamentals of Finance |
| | BBS 2505 | Principles of Marketing |
| | BBS 2506 | Business Law |
| ৩য় | BBS 3501 | Macro-economics |
| | BBS 3502* | Business Mathematics; **or** |

| | | |
|---|---|---|
| | BBS 3503* | Business Statistics |
| | BBS 3504 | Computer Application in Business |
| | BBS MGT 3505 | International Trade |
| | BBS MGT 3506 | Entrepreneurship Development & Small Business Management |
| | BBS MGT 3507 | Human Resource Management |
| | BBS MGT 3508 | Viva-Voce |

* **শিক্ষার্থীগণ তৃতীয় বর্ষে BBS-3502: Business Mathematics, এবং BBS-3503: Business Statistics-এর যে কোন ১টি কোর্স পছন্দ করতে পারবেন। তবে BBS-3502: Business Mathematics কোর্সটি আপাতত offer করা হচ্ছে না।**

## ১০. পাঠসামগ্রী ও সহায়ক ব্যবস্থা কতটুকু?

### ক. পাঠসামগ্রী কতটুকু সহায়ক?

প্রতিটি বিষয়ের জন্য পাঠ্যপুস্ড়ক সরবরাহ করা হবে যা সহজ ও সাবলীল ভাষায় সুপরিকল্পিত ও সুনির্দিষ্ট বিষয়বস্তু নিয়ে উপস্থাপন করা হয়েছে। বিষয়বস্তু বর্ণনার সাথে করণীয় কাজের প্রয়োজনীয় নির্দেশাবলী আছে। পাঠ্যপুস্ড়কগুলো এমনভাবে রচিত যা বিষয়বস্তু উপস্থাপন ছাড়াও শিক্ষকের ভূমিকা পালন করে। পাঠসামগ্রী কেবল পুস্ড়কাকারে নয়, ই-বুক হিসেবে (পিডিএফ ফরমেটে) বাউবি'র ওয়েবসাইটেও আপলোড করা আছে। শিক্ষার্থীরা নিজ বিষয়ের ই-বুক ডাউনলোড করেও পড়াশোনা করতে পারেন।

### খ. বেতার ও টিভি অনুষ্ঠান

দূরশিক্ষণে আপনার পাঠে সহায়তা প্রদানের জন্য বেতার ও টিভি এই দু'টি গণমাধ্যমে নির্ধারিত সময়ে অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা রয়েছে।

**বিঃ দ্রঃ বাউবি ওয়েবসাইট (www.bou.edu.bd)-এ ১৭ টি কোর্সের পাঠ্যবই ই-বুক হিসেবে সন্নিবেশিত করা হয়েছে। এছাড়াও, BOU Tube (www.boutube.edu.bd) এবং ইউটিউবে অডিও-ভিডিও লেকচার আপলোড করা হয়েছে। বাউবির ওয়েবটিভি ও ওয়েব-রেডিও-তে নিয়মিত অনুষ্ঠান প্রচার করা হয় (www.webtv.bou.org.bd; www.webradio.org.bd)। শিক্ষার্থীরা এসব সুবিধা গ্রহণ করলে সুফল পাবেন।**

## ১১. টিউটোরিয়াল সার্ভিস কিরূপ?

### ক. টিউটোরিয়াল সার্ভিস:

আপনি যে টিউটোরিয়াল কেন্দ্রে ভর্তি হবেন সেখানে মাসে কমপক্ষে দু'দিন (দ্বিতীয় ও চতুর্থ শুক্রবার) টিউটোরিয়াল সার্ভিস দেওয়ার ব্যবস্থা থাকবে। ক্লাস শুর"র সময়সূচি সংশি ষ্ট স্টাডি সেন্টার থেকে জেনে নিতে হবে। টিউটোরিয়াল ক্লাসে শিক্ষকবৃন্দ পাঠ্যপুস্ড়কের অপেক্ষাকৃত কঠিন অংশ নিয়ে আলোচনা করবেন।

**খ. প্রথম টিউটোরিয়াল ক্লাসে করণীয়:**

কার্যকর শিক্ষার উদ্দেশ্যে একটি আন্তরিক পরিবেশ সৃষ্টির জন্য আপনি নিম্নলিখিত কাজগুলো করবেন-

- টিউটরের (সংশি-  ষ্ট শিক্ষক) সঙ্গে পরিচিত হবেন।
- নিজের পরিচয় দিবেন ও অন্যান্য শিক্ষার্থীর সঙ্গে পরিচিত হবেন।
- কিভাবে শিক্ষাগ্রহণ করবেন তা নিয়ে টিউটরের সঙ্গে পরামর্শ করবেন।
- টিউটরের পরামর্শ ও নির্দেশনা মেনে চলবেন।
- একাডেমিক ও প্রশাসনিক সমস্যা থাকলে তার জন্য টিউটরের নিকট থেকে নির্দেশনা জেনে নেবেন।
- পরবর্তী ক্লাশে কি আলোচনা হবে তা টিউটরদের সঙ্গে আলোচনা সাপেক্ষে স্থির করবেন।
- পাঠসামগ্রী সম্পর্কে প্রাথমিক ধারণা টিউটরদের নিকট থেকে লাভ করবেন।
- কোন বাড়ির কাজ থাকবে কিনা তা জেনে নেবেন।

**গ. শেষ টিউটোরিয়াল ক্লাশে করণীয়:**

- পরীক্ষার স্থান ও সময় সম্পর্কে জেনে নেবেন।
- পরীক্ষার খাতায় লিখবার পদ্ধতি ভালভাবে জেনে নেবেন।
- পরীক্ষার নিয়মনীতি জেনে নেবেন।
- সর্বশেষ প্রদত্ত বাড়ির কাজ শিক্ষকের নিকট জমা দেবেন (যদি দেওয়া হয়) ও প্রয়োজনীয় নির্দেশনা জেনে নেবেন।
- পূর্ব পাঠের গুরুত্বপূর্ণ অংশের উপর আলোচনা করে অপেক্ষাকৃত কঠিন অংশের সমাধান চেয়ে নেবেন।
- টিএমএ জমা দেয়া নিশ্চিত করবেন।

**ঘ. অন্যান্য টিউটোরিয়াল ক্লাশে করণীয়:**

- প্রদত্ত পাঠ থেকে প্রশ্ন করুন ও উত্তর জেনে নিন।
- বাড়ির কাজ (যদি থাকে) জমা দিন ও আগামী দিনের জন্য বাড়ির কাজ নিন।
- নির্দিষ্ট পাঠ থেকে আপনার সমস্যা টিউটরদের অবহিত করুন ও সমাধান নিন।
- সমস্যা নিয়ে নিজেদের ভেতরে আলোচনা করুন ও সমাধানের উপায় বের করুন।

**ঙ. লক্ষ করুন**

নির্ধারিত কেন্দ্রে নির্দিষ্ট দিনে ও নির্দিষ্ট সময়েই শুধু টিউটোরিয়াল সার্ভিস পাবেন। সরাসরি ওপেন স্কুল থেকে কোনো টিউটোরিয়াল সার্ভিসের ব্যবস্থা নেই। টিউটোরিয়াল ক্লাস সম্পর্কে যে কোনো যুক্তিসঙ্গত অভিযোগ নিকটস্থ আঞ্চলিক বা উপ-আঞ্চলিক কেন্দ্রে বা সরাসরি ডিন, ওপেন স্কুলকে অবহিত করতে পারেন।

## ১২. পরীক্ষার ভাষা কি ?

বাংলাদেশের সকল অঞ্চলের সকল জনসাধারণের কথা বিবেচনা করেই ওপেন স্কুল পরিচালিত বিবিএস প্রোগ্রামের সকল পাঠ্য বই সাবলীল বাংলা ভাষায় লেখা হয়েছে। তবে আপনি ইচ্ছা করলে যে কোন কোর্সের পরীক্ষা বাংলা/ইংরেজী মাধ্যমে দিতে পারবেন। উলে- খ্য যে, ব্যবসায় শিক্ষার গাণিতিক সমস্যাগুলোর সমাধান ইংরেজিতে সমাধান করা সুবিধাজনক।

## ১৩. পরীক্ষার নিয়মাবলী কিরূপ?

**ক) পরীক্ষা কখন অনুষ্ঠিত হবে?**

ভর্তি সম্পন্ন হলে টিউটোরিয়াল ক্লাস শুর" হবে। অতঃপর টিউটোরিয়াল ক্লাস শেষ হলে পরীক্ষা গ্রহণ করা হবে। প্রতি বর্ষে ভর্তি থেকে পরীক্ষা পর্যন্ড় সাধারণত এক বছর সময় ব্যয় হয়।

**খ) পরীক্ষার সময়সীমা**

প্রতিটি কোর্সের পরীক্ষা একটানা তিন ঘণ্টাব্যাপী অনুষ্ঠিত হবে।

**গ) পরীক্ষা কেন্দ্র ও শৃঙ্খলাবিধি**

i) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত পরীক্ষা কেন্দ্রসমূহে পরীক্ষা অনুষ্ঠিত হবে। যে স্টাডি সেন্টারে ভর্তি হবেন সেই সেন্টারটি আপনার পরীক্ষাকেন্দ্র নাও হতে পারে। নির্ধারিত পরীক্ষা কেন্দ্রসমূহের ঘোষণা পরীক্ষা শুর"র একমাস পূর্বে জানিয়ে দেওয়া হবে।

ii) কোনো শিক্ষার্থী এই বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষক/কর্মকর্তা, কোনো টিউটর, সমন্বয়কারী ও কলেজের অন্যান্য ব্যক্তির সাথে অসদাচরণ করলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। কোনো শিক্ষার্থী পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে শৃঙ্খলাবিধি অনুযায়ী তাকে বহিষ্কার করা হবে।

**ঘ পরীক্ষা পাশের নিয়মাবলী**

পরীক্ষার ফলাফল গ্রেড পদ্ধতিতে প্রকাশ করা হবে। শুধু প্রতি কোর্সে প্রাপ্ত লেটার গ্রেড এবং সকল কোর্সে প্রাপ্ত Grade Point (GP) এর ভিত্তিতে পরীক্ষার্থীর Grade Point Avarage (GPA) উলে- খ থাকবে।

## ১৪. পরীক্ষার মূল্যায়ন পদ্ধতি কিরূপ?

প্রতিটি কোর্সের জন্য আপনাকে ১০০ (একশত) নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এর মধ্যে

- লিখিত পরীক্ষা = ৮০ নম্বর
- টিএমএ (২টি) = ২০ নম্বর (১০+১০)

## ১৫. পরীক্ষায় নিবন্ধিত হওয়ার পদ্ধতি কি?

শিক্ষাবর্ষের শুর"তে ঐ বর্ষের নির্ধারিত সকল কোর্সের ফি নির্ধারিত সময়ে জমাদানের মাধ্যমে শিক্ষার্থী কোর্সগুলোর জন্য নিবন্ধিত বলে গণ্য হবেন।

## ১৬. কোর্স নিবন্ধনের বাধ্যবাধকতা আছে কি?

একজন শিক্ষার্থী কোর্স নিবন্ধনের ক্ষেত্রে নিম্নলিখিত সতর্কতা অবলম্বন করবেন -

প্রথম বর্ষে ঃ ৫টি [নির্ধারিত]

দ্বিতীয় বর্ষে ঃ ৬টি [নির্ধারিত] এবং ১ম বর্ষে অকৃতকার্য বিষয়ের পুনঃ পরীক্ষার জন্য সর্বোচ্চ ৩টি (প্রযোজ্য ক্ষেত্রে)

তৃতীয় বর্ষে ঃ ৭টি (মৌখিকসহ) [নির্ধারিত] এবং ১ম ও ২য় বর্ষে অকৃতকার্য বিষয়ের পুনঃ পরীক্ষার জন্য সর্বোচ্চ ৪টি (প্রযোজ্য ক্ষেত্রে)

## ১৭. কোন কোর্সে অকৃতকার্য হলে আবার পরীক্ষা দেওয়া যাবে কি?

একজন শিক্ষার্থী একটি কোর্সে মোট তিনবার পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। কোন প্রকার অতিরিক্ত ফি ব্যতিত সংশি ষ্ট শিক্ষা বর্ষে প্রথমবার সংশি- ষ্ট কোর্সসমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং উক্ত পরীক্ষায় কোন বিষয়ে অকৃতকার্য হলে নির্ধারিত সময়ের মধ্যে পুনঃ পরীক্ষার ফি জমাদান পূর্বক পরবর্তীতে আরো দুইবার উক্ত কোর্স/কোর্সসমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এই সুযোগ গ্রহণ করার পরও যদি কোন শিক্ষার্থী সি-মাইনাস [C- (C minus), GP 2.00] অর্জনে ব্যর্থ হয় তাহলে তাকে উক্ত কোর্সের জন্য নির্ধারিত ফি জমা দিয়ে পুনরায় নিবন্ধন করতে হবে এবং এই ক্ষেত্রে একবারই পরীক্ষার সুযোগ পাবেন। উলে- খ্য যে, এই ধরনের সুযোগ নিবন্ধনের নির্ধারিত সময় ছয় বছরের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

## ১৮. গ্রেড পয়েন্ট এভারেজ (জিপিএ) বা গড় মান নির্দেশক কিরূপ?

$$\text{সিজিপিএ (CGPA)} = \frac{\text{অংশগ্রহণকৃত কোর্সগুলোর প্রাপ্ত জিপি এর সমষ্টি}}{\text{মোট অংশগ্রহণকৃত কোর্সের সংখ্যা}}$$

| Letter Grade | Range of Marks | Grade Point (GP) | Remarks |
|---|---|---|---|
| A+ (A plus) | 80% or above | 4.00 | |
| A (A regular) | 75% to less than 80% | 3.75 | |
| A-(A minus) | 70% to less than 75% | 3.50 | |
| B+(B plus) | 65% to less than 70% | 3.25 | |
| B(B regular) | 60% to less than 65% | 3.00 | |

| | | | |
|---|---|---|---|
| B-(B minus) | 55% to less than 60% | 2.75 | |
| C+(C plus) | 50% to less than 55% | 2.50 | |
| C (C regular) | 45% to less than 50% | 2.25 | |
| C- (C minus) | 40% to less than 45% | 2.00 | Improvement Exam. (Optional) |
| F (Fail) | <40% | 0.00 | Fail (Qualification for Redo exam) |

## ১৯. মান উন্নয়ন পরীক্ষার সুযোগ আছে কি?

কোন শিক্ষার্থী চূড়ান্ড় ফলাফলে যদি [CGPA C+(C plus)] অর্থাৎ CGPA 2.50 পেতে ব্যর্থ হন. তাহলে সে যে সব কোর্সে C- (C minus) পেয়েছেন সেগুলোতে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে কেবলমাত্র একবার এবং এক সঙ্গে মান উন্নয়নের জন্য নিবন্ধিত কোর্স/কোর্সসমূহের পরীক্ষা (মান উন্নয়ন) দিতে পারবেন। তবে এই ধরনের সুযোগ নিবন্ধনের নির্ধারিত সময় ছয় বছরের মধ্যে সীমাবদ্ধ।

## ২০. বিবিএস ডিগ্রী অর্জনের ন্যূনতম যোগ্যতা কি?

একজন শিক্ষার্থীকে মোট ১৮টি কোর্স সফলভাবে সম্পাদনপূর্বক, প্রতিটি কোর্সে ন্যূনতম C- (C minus) অর্থাৎ GP 2.00 পেতে হবে।

## ২১. টিচার্স মার্কড এ্যাসাইনমেন্ট (টিএমএ) কি?

উন্মুক্ত ও দূর শিক্ষায় এসাইনমেন্ট প্রস্তুত এবং তা শিক্ষককে মূল্যায়নের জন্য জমাদান শিখন কাজে একটি অতীব প্রয়োজনীয় পদক্ষেপ। এর মূল্যায়ন আপনাকে পাঠে আরও মনোযোগী হতে এবং ভাল ফলাফল অর্জনে সাহায্যে করবে। প্রতিটি কোর্সের ১০০ নম্বরের মধ্যে টিএমএ -এর জন্য ২০ নম্বর বরাদ্দ আছে। তাই টিএমএ জমা না দিলে আপনি টিএমএ -এর নম্বর থেকে বঞ্চিত হবেন। অর্থাৎ এ্যাসাইনমেন্টে ০ (শূন্য) নম্বর অর্জন করবেন। তাই নির্ধারিত সময়ের মধ্যে টিএমএ জমা দেওয়ার জন্য ওপেন স্কুল আপনাকে পরামর্শ দিচ্ছে। অন্যথায় সংশি- ষ্ট কোর্সের লিখিত পরীক্ষার ৮০ নম্বরের মধ্যে আপনাকে ন্যূনতম পাশ নম্বর (৪০ নম্বর) অর্জন করতে হবে। উলে- খ্য যে, আপনি পুন: পরীক্ষার্থী হিসেবে কোন কোর্সে যতবার তত্ত্বীয় ৮০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করবেন ততবারই ঐ কোর্সে পুনরায় টিএমএ জমা দিতে হবে।

## ২২. কোথায়, কখন, কিভাবে টিএমএ জমা দিবেন?

চূড়ান্ড় পরীক্ষার কমপক্ষে একমাস পূর্বে প্রতিটি কোর্সের জন্য ২টি টিএমএ কোর্স শিক্ষকের নিকট জমা দিতে হবে। কোর্স শিক্ষক তা মূল্যায়ন করবেন। টিসি সমন্বয়কারী সকল কোর্সের টিএমএ নম্বরফর্দ পরীক্ষা কমিটির সভাপতির নিকট ১ কপি, পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট ১ কপি প্রেরণ করবেন এবং ১ কপি কেন্দ্রে সংরক্ষণ করবেন।

## ২৩. কিভাবে লাইব্রেরি সেবা পাবেন?

শিক্ষার্থীদের প্রয়োজনীয় পাঠ্যপুস্ড়ক উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সরাসরি স্টাডি সেন্টারের মাধ্যমে সরবরাহ করবে। এ ছাড়া প্রত্যেকটি আঞ্চলিক এবং উপ-আঞ্চলিক কেন্দ্রে পর্যায়ক্রমে লাইব্রেরি গড়ে তোলা হচ্ছে। এসব লাইব্রেরিতে টিউটর এবং শিক্ষার্থীগণ লেখাপড়া করতে পারবেন। তাছাড়া বাউবি স্টাডি সেন্টারের লাইব্রেরিকে ব্যবহারোপযোগী করার প্রয়াস

চালাবে। শিক্ষার্থীরাও নিজেদের উদ্যোগে নিজ নিজ গৃহে পারিবারিক লাইব্রেরি গড়ে তুলতে পারেন। এছাড়া শিক্ষার্থীরা নিজেরা দলগত বা গ্রুপ স্টাডির জন্য 'ফ্রাই ডে ক্লাব', 'স্টাডি সার্কেল গ্রুপ' গড়ে তুলতে পারেন। এতে পাঠ বুঝতে ও আয়ত্ত করতে সহজ হয়।

## ২৪. কিভাবে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে?

তৃতীয় বর্ষ চূড়ান্ত পরীক্ষা শেষে ১০০ নম্বরের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে আপনার পঠিত ১৭টি তত্ত্বীয় কোর্সের মৌলিক বিষয়বস্তুর উপর গুরুত্ব দিয়ে এতদসংক্রান্ত বিষয়ে আপনার দক্ষতা যাচাই করা হবে। টিসি সমন্বয়কারী মৌখিক পরীক্ষার নম্বরফর্দ পরীক্ষা কমিটির সভাপতির নিকট ১ কপি, পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট ১ কপি প্রেরণ করবেন এবং ১ কপি কেন্দ্রে সংরক্ষণ করবেন।

## ২৫. আঞ্চলিক কেন্দ্রভিত্তিক বিবিএস প্রোগ্রামের স্টাডি সেন্টার (এসসি)-এর তালিকা

| ক্রমিক | আরআরসি'র নাম | অনুমোদিত এসসি'র নাম |
|---|---|---|
| ১. | ঢাকা | ঢাকা কলেজ, ঢাকা<br>ভাওয়াল বদরে আলম সরকারী কলেজ, গাজীপুর<br>সরকারী তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ<br>সরকারী বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা<br>শেখ বোরহান উদ্দিন কলেজ, ঢাকা<br>বঙ্গবন্ধু কলেজ, মিরপুর, ঢাকা<br>উত্তরা টাউন কলেজ, উত্তরা, ঢাকা<br>আলহাজ্ব মকবুল হোসেন কলেজ, ঢাকা<br>ইস্পাহানী ডিগ্রী কলেজ, ঢাকা |
| ২. | ময়মনসিংহ | আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজ, ময়মনসিংহ |
| ৩. | কুমিল্লা | নোয়াখালী সরকারী কলেজ, নোয়াখালী<br>কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ, কুমিল্লা |
| ৪. | সিলেট | সিলেট মদনমোহন কলেজ, সিলেট |
| ৫. | চট্টগ্রাম | হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম<br>সরকারী সিটি কলেজ, চট্টগ্রাম |
| ৬. | বরিশাল | সরকারী বরিশাল কলেজ, বরিশাল<br>পটুয়াখালী সরকারী কলেজ, পটুয়াখালী |
| ৭. | ফরিদপুর | রাজেন্দ্র সরকারী কলেজ, ফরিদপুর |
| ৮. | যশোর | সরকারী এম এম কলেজ, যশোর<br>কুষ্টিয়া সরকারী কলেজ, কুষ্টিয়া |
| ৯. | খুলনা | বিএল সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ, খুলনা<br>আযম খান সরকারী কমার্স কলেজ, খুলনা |
| ১০. | বগুড়া | সরকারী আজীযুল হক কলেজ, বগুড়া |
| ১১. | রাজশাহী | রাজশাহী সরকারী কলেজ, রাজশাহী<br>সরকারী এডওয়ার্ড কলেজ, পাবনা<br>রানীনগর মহিলা ডিগ্রী কলেজ, নঁওগা |
| ১২. | রংপুর | রংপুর সরকারী কলেজ, রংপুর |

## ২৬ বাউবি'র আঞ্চলিক কেন্দ্রসমূহের নাম ও ঠিকানা

| | |
|---|---|
| আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>ঢাকা রিজিওনাল সেন্টার<br>গভঃ ল্যাবঃ স্কুল রোড<br>ধানমন্ডি, ঢাকা-১২০৫<br>ফোন ঃ ০২-৯৬৭৩৬৬৯<br>ফ্যাক্স ঃ ০২-৮৬১৬০৬৫ | আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>কুমিল া রিজিওনাল সেন্টার<br>ঢাকা-চট্টগ্রাম ট্রাংক রোড,<br>নোয়াপাড়া, দূর্গাপুর, কুমিল-া।<br>ফোন ঃ ০৮১-৭৭৫৫৭<br>ফ্যাক্স ঃ ০৮১-৬৩৩৫২ |
| আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>যশোর রিজিওনাল সেন্টার<br>(বি.আর.টি.সি বাস স্ট্যান্ড সংলগ্ন)<br>উপ-শহর, যশোর।<br>ফোন ঃ ০৪২১-৭৩২৫০<br>ফ্যাক্স ঃ ০৪২১-৬১৮৯২ | আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>সিলেট রিজিওনাল সেন্টার<br>পিরিজপুর, দক্ষিণ সুরমা, সিলেট।<br>ফোন ঃ ০৮২১-৭১৯৫২৩<br>ফ্যাক্স ঃ ০৮২১-৭২২৭৫৮ |
| আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>ময়মনসিংহ রিজিওনাল সেন্টার<br>মাসকান্দা, ময়মনসিংহ।<br>ফোন ঃ ০৯১-৫২৪০৮<br>ফ্যাক্স ঃ ০৯১-৬১০৫১ | আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>রাজশাহী রিজিওনাল সেন্টার<br>নওহাটা, পবা, রাজশাহী।<br>ফোন ঃ ০৭২১-৮০০০০৮<br>ফ্যাক্স ঃ ০৭২১-৮০০০০৯ |
| আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>রংপুর রিজিওনাল সেন্টার<br>আর. কে. রোড,<br>কেন্দ্রীয় বাস টার্মিনাল সংলগ্ন, রংপুর।<br>ফোন ঃ ০৫২১-৬৩৫৯৩<br>ফ্যাক্স ঃ ০৫২১-৬৩৫৯৩ | আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>বগুড়া রিজিওনাল সেন্টার<br>বিশ্বরোড, বনানী, বগুড়া।<br>ফোন ঃ ০৫১-৭২৯৭৪<br>ফ্যাক্স ঃ ০৫১-৬৮০৫৮ |
| আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>চট্টগ্রাম রিজিওনাল সেন্টার<br>সি.আর.বি. রোড(স্টেডিয়াম সংলগ্ন) চট্টগ্রাম।<br>ফোন ঃ ০৩১-৬১৯৬৩৩<br>ফ্যাক্স ঃ ০৩১-৬৩৬৭১৮ | আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>বরিশাল রিজিওনাল সেন্টার<br>রূপাতলী, জাগুয়া, বরিশাল।<br>ফোন ঃ ০৪৩১-৭১৩২২<br>ফ্যাক্স ঃ ০৪৩১-৭১৩৭১ |
| আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>ফরিদপুর রিজিওনাল সেন্টার<br>(নদী গবেষণা ইনস্টিটিউট এর<br>বিপরীতে) হাড়োকান্দি, (বরিশাল<br>রোড), ফরিদপুর<br>ফোন ঃ ০৬৩১-৬২০৮১<br>ফ্যাক্স ঃ ০৬৩১-৬৩২২৮ | আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়<br>খুলনা রিজিওনাল সেন্টার<br>রোশনীবাগ (খুলনা বিশ্ববিদ্যালয়ের পশ্চিমে)<br>ডাকঘর- খুলনা বিশ্ববিদ্যালয়,<br>খুলনা-৯২০৮<br>ফোন ঃ ০৪১-৭৩১৭৯৫<br>ফ্যাক্স ঃ ০৪১-৮১০৯৬৫ |